




বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-২০৪/ ৭৬/১৫

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৭
১১ অক্টোবর ২০২০

বিষয়: সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার পোরশা উপজেলাধীন কাতকাইল দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক সুপার জনাব মোঃ আব্দুল বারীকে বিধি-বহির্ভূতভাবে বরখাস্ত করায় স্বপদে বহালের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১৩.০২.২০২০খ্রিঃ তারিখে অত্র বোর্ডে একখানা আবেদন করেন। পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগের ভারুয়ালকোর্টে রিট পিটিশন নং- ৭৯/২০২০ (রিট পিটিশন নং- ৩৩২১/২০২০ হতে উদ্ধৃত) দায়ের করা হয়। দায়েরকৃত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট উক্ত ১৩.০২.২০২০খ্রিঃ তারিখের দরখাস্ত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির জন্য আদেশ জারি করেছেন।

এমতাবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের নিমিত্ত মামলার বাদী জনাব মোঃ আব্দুল বারী এর ১৩.০২.২০২০খ্রিঃ তারিখের দরখাস্তে বর্ণিত অভিযোগ বিষয়ে সুস্পষ্ট বক্তব্য (সমর্থনীয় কাগজপত্রসহ) পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: জনাব মোঃ আব্দুল বারী
সুপার (বরখাস্ত) এর ১৩.০২.২০২০খ্রিঃ তারিখের দরখাস্ত।


০৭.১০.২০২০


(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: ১) সভাপতি/সদস্যবৃন্দ, কাতকাইল দাখিল মাদ্রাসা, পোরশা, নওগাঁ;
২) ভারপ্রাপ্ত সুপার, কাতকাইল দাখিল মাদ্রাসা, পোরশা, নওগাঁ।



১১/১০/২০২০

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-২০৪/ ৭৬/১৫

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৭
১১ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ;
২. উপজেলা নির্বাহী অফিসার, পোরশা, নওগাঁ;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পোরশা, নওগাঁ;
৪. জনাব মোঃ আব্দুল বারী, সুপার (বরখাস্তকৃত), কাতকাইল দাখিল মাদ্রাসা, পোরশা, নওগাঁ (মামলার বাদী);
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


১১/১০/২০২০
(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪


১১/১০/২০২০